




- ড্রিপ ইরিগেশন পদ্ধতি -



শস্য বৃদ্ধিতে ও জল সাশ্রয় -এ ভাসিয়ে সেচের তুলনায় বিন্দু সেচে লাভ -


শস্য	শস্য বৃদ্ধি (%)	জল সাশ্রয় (%)
ডালিম	২০-৪০	৫০-৬০
আলু	২০-৩০	৪০-৫০
আখ	৫০-৬০	৩০-৪০
টম্যাটো	৮০-৯০	৬০-৭০
ফুলকপি	৬০-৮০	৩০-৪০
বেগুন	২০-৩০	৪০-৬০
বাঁধাকপি	৩০-৪০	৫০-৬০
ঢাঁড়স	৭৫-৮০	৪০-৬০
লঙ্কা	৩০-৪০	৩০-৭০
লাউ	২০-৪০	৪০-৫০
শিম	৫৫-৬৫	৩০-৪০

বিন্দু সেচ (ড্রিপ ইরিগেশন) ব্যবস্থার লাভ -

৭০% জলের সাশ্রয়। ৩০-৪০% পর্যন্ত সারের সঞ্চয়। আপাত্তা নিয়ন্ত্রণ।
নোনতা জলের ব্যবহারের সম্ভাব্যতা। মাটি ক্ষয়ের নিয়ন্ত্রণ।
উন্নত মানের উৎপাদন। ৯০% পর্যন্ত ফলন বৃদ্ধি। সারের সম্পূর্ণ ব্যবহার।

BRANCHES

Orissa :	Bhubaneswar :	+91-9437097369
Bihar :	Patna :	+91-9433059250 +91-9470021120
Karnataka :	Bangalore :	+91-9448487797



Dealer

Address : P-6, Scheme-VI, M(S), C.I.T., Kolkata-700054
Ph: +91-33-23648812 / +91-9433059250
Email : info@oasisirrigation.in / sales@oasisirrigation.in
Website: www.oasisirrigation.in



পৃথিবীর জনসংখ্যা বাড়ছে অথচ জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে চাষের উপযোগী এলাকা আর বাড়ানো সম্ভব নয়। অন্যদিকে আবার যথেষ্ট ব্যবহারে ভূগর্ভস্থ জলস্তর ক্রমশ নামছে। এই অবস্থায় উন্নত প্রযুক্তির সেচের সাহায্যে কম জায়গায় উচ্চমূল্য অথবা উৎকৃষ্ট গুণমানযুক্ত ফসল উৎপাদন পদ্ধতির সাথে কৃষক বন্ধুরা অবগত না হলে বা অনুসরণ না করলে আমাদের ভবিষ্যৎ ঘোর সঙ্কটে পড়তে বাধ্য।

যদিও আমাদের দেশের কৃষকগণ এই উন্নত সেচ পদ্ধতি বিগত বেশ কিছু বছর ধরে অনুসরণ করছেন কিন্তু তা প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়। এই কারণে ভারত সরকার পি.এম.কে.এস.ওআই নামে ভর্তুকিযুক্ত উন্নত সেচ পদ্ধতির, জল সীমিত ব্যবহার করে, (Per Drop More Crop) একটি প্রকল্প প্রবর্তন করেছেন যাতে দেশের প্রতিটি কৃষকবন্ধু - এর সুবিধা নিয়ে লাভবান হতে পারেন।

আমরা, ওয়েসিস ইরিগেশন, ১৯৬৭ সাল থেকে, সুনামের সাথে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে স্প্রিংকলার (বারি) সেচ, ড্রিপ (বিন্দু) সেচ, ছায়াজাল (সেডনেট) এবং মাইক্রো সেচ - যন্ত্র তৈরি এবং সরবরাহ করে আসছি। আমাদের সমস্ত প্রোডাক্ট আই.এস.আই মার্ক সন্মিলিত এবং কেন্দ্র প্রবর্তিত পি.এম.কে.এস.ওআই প্রকল্পে পঞ্জিকৃত, অর্থাৎ আমাদের সেচ যন্ত্র সরকারি ভর্তুকি মুদ্যো উপলব্ধ।

এই উন্নত সেচ পদ্ধতির ব্যবহারে একদিকে যেমন জলের অপচয় হয় না, তেমনিই কৃষকবন্ধুরা ঋতু অনুযায়ী সারা বছর ধরে চাষ-আবাদ করে অধিক উৎপাদন ও লাভ বৃদ্ধি সম্ভব করতে পারবেন। কেবলমাত্র বৃষ্টির জলের উপর নির্ভর করতে হবে না।



ওয়েসিস স্প্রিংকলার ইরিগেশন পদ্ধতি -

এক বৈজ্ঞানিক এবং উন্নত মানের আধুনিক সেচ পদ্ধতি যাতে কম জলে, অল্প বিনিয়োগে রকমারি মাটিতে অধিকাংশ ফসল চাষ করা যায়। বিশেষত অসমতল জমি, এটেল ও বালি মাটির পক্ষে খুবই উপযোগী। ইহাতে পাম্পের সাহায্যে এইচ.ডি.পি.ই. কাপলড পাইপের মাধ্যমে পর্যাপ্ত হ্রেসার সহ জল স্প্রিংকলারের নজেল পর্যন্ত পৌছান হয়। জলের চাপের ফলে স্প্রিংকলার নির্দিষ্ট পরিধিতে ঘুরে ঘুরে জল ছিটিয়ে জমি



সিঞ্চন করে। এতে জলের অপচয় হয় না, এবং খুবই অল্প সময়ের মধ্যে নির্দিষ্ট স্থানে সেচ দেওয়া সম্ভব। স্প্রিংকলার পদ্ধতিতে দ্রবণীয় সার, সেচের জলের সঙ্গে প্রয়োজন অনুপাতে জমিতে প্রয়োগ করা সম্ভব। ইহাতে গম, ডাল, তৈলবীজ, তুলো, আখ, ছোলা, বাদাম, লঙ্কা, সর্ষে ইত্যাদি চাষে সেচ করা যায়। ওয়েসিস ৫০ থেকে ১৬০ মিলিমিটার পর্যন্ত এইচ.ডি.পি.ই. কাপলড পাইপ এবং ফিটিং তৈরি ও সরবরাহ করে থাকে।



ওয়েসিস ড্রিপ ইরিগেশন পদ্ধতি -

ড্রিপ ইরিগেশন সব থেকে সেরা অতি আধুনিক সেচ পদ্ধতি। সব রকমের জল এমনিভাবে নোনা জল ও যে কোনো মাটিতে এবং সকল রকম ফসল অল্প জলে সেচ করা সম্ভব। অসমতল জমিতেও সমান ভাবে সহজে সেচ করা যায়। এই পদ্ধতিতে ড্রিপারের মাধ্যমে শিকড়ের কাছে ফোঁটা ফোঁটা জল দিয়ে সেচ করা হয় যাতে গাছ দরকার মত সঠিক মাত্রায় সময় মত জল পায়। যেখানে জল পড়ে সেই জায়গায় মাটির টানের কারণে শিকড়ের চারপাশে একটি ছোট বৃত্ত তৈরি হয়।

সব জায়গাতে জল ছিটিয়ে না পড়ার জন্য আগাছা হয় না। ড্রিপ ইরিগেশন পদ্ধতিতে পাম্পের দ্বারা জলকে প্রয়োজন মতো বিভিন্ন প্রকারের ফিল্টারের মাধ্যমে পরিশুদ্ধ করে পাইপের দ্বারা ল্যাটারাল লাইন পর্যন্ত পৌছান যায়। ল্যাটারাল লাইনে প্রয়োজন মতো দূরত্বে ড্রিপার লাগানো থাকে। এই ড্রিপার থেকে ফোঁটায় ফোঁটায় জল পড়ে। এই পদ্ধতিতে জলের সঙ্গে সার মেশাবার জন্য ভেঙ্কুরী ও ফার্টিলাইজার ট্যাঙ্কে পাম্প এবং ফিল্টারের মধ্যে লাগানো হয়। ভেঙ্কুরীতে প্রযুক্ত মিটারিং ভালভের দ্বারা সারের মাত্রা নিয়ন্ত্রণ করা যায়।

এই পদ্ধতি বিভিন্ন প্রকার ফল যেমন আম, কলা, জামরুল, লিচু, পেঁপে, লেবু, পেয়ারা এবং আলু সমেত সব প্রকারের সবজি ক্ষেতে ব্যবহার করা যায়। মাইক্রো ও ড্রিপ ইরিগেশন পদ্ধতি এশবার লাগালে স্প্রিংকলার পদ্ধতির মতো বার বার স্থানান্তরিত করতে হয় না।